



রাজশাহী : গতকাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী আয়োজিত দুর্নীতিমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠান ও ভাল ফলাফল অর্জনে উৎসাহিত করার বিষয়ে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখছেন শিক্ষা প্রতিমন্ত্রী জনাব এহসানুল হক মিলন

পাবলিক পরীক্ষায় নকল প্রবণতা সমূলে উৎপাটিত হয়নি

শিক্ষা প্রতিমন্ত্রী

রাজশাহী দ্বারা

শিক্ষা প্রতিমন্ত্রী আন.ম. এহসানুল হক মিলন এমপি বলেছেন, পাবলিক পরীক্ষায় নকল প্রবণতা এখনও সমূলে উৎপাটিত হয়নি। গতানুগতিক কায়দায় নকল না হলেও অতিনব কায়দায় নকল হচ্ছে। শিক্ষকরাই এই নকলের মূল হেতা। জাতির বুহতর শার্বে তিনি শিক্ষকদের সৃষ্ট পরীক্ষা অনুষ্ঠানে সহায়তার আহ্বান জানান। তিনি গতকাল রাজশাহী শিক্ষা বোর্ড আয়োজিত উৎসাহিতরণ এক সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। রাজশাহী টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে বোর্ড চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে রাজশাহী, নওগাঁ, নাটোর ও ঠাশাইনবাবগঞ্জ জেলার জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, কেন্দ্র সচিব, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, পত্রিকা বক্তির সদস্য এবং রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, পরীক্ষাকালে শিক্ষকরা জ্ঞান বিনিময় করে উত্তর বলে দেয়। এর ফলে বাহিরে থেকে নকল আসে না। এছাড়া ভাল ফল করার জন্য পরীক্ষার খাতা পরিবর্তন করে। এর ফলে ভাল ছাত্র ব্যাপার এবং খারাপ ছাত্র ভাল ফল করে।

প্রতিমন্ত্রী একে 'বড় ধরনের ক্রাইম' আখ্যায়িত করে বলেন, ফের শিক্ষক এ ধরনের অপরাধে জড়িত হবে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে। তিনি শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের পুনঃপরীক্ষণের পেপার (উত্তরপত্র) সর্টিং ছাড়াই সামনেই নিরীক্ষার নির্দেশ দিয়ে বলেন, তাহলে চোর ধরা সহজ হবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাজশাহী জেলা প্রশাসক সৈয়দ আহসানুল হক, কফেসের শেখ দীন মুহাম্মদ, রাজশাহী জেলার উপ-পুলিশ কমিশনার (পশ্চিম) বেগম রৌশন আরা, বাগমারা জনা নির্বাহী অফিসার সুবল বোস মনি বক্তৃতা করেন। বক্তারা যে কোন মূল্যে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের প্রত্যয় ঘোষণা করেন।